অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/21/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল আগাম সতর্কতার তাগিদ দিলেন যেহেতু এই সপ্তাহে শীতকালীন ঝড় একাধিক আপস্টেট অঞ্চলে তুষার ও বরফ নিয়ে আসবে বলে আশঙ্কা রয়েছে

বুধবার সন্ধ্যা থেকে বৃহস্পতিবার পর্যন্ত এক ফুট বা তার বেশি তুষার নর্থ কান্ট্রিতে যাতায়াত বিঘ্নিত করবে বলে আশঙ্কা করা যাচ্ছে, এবং মোহক ভ্যালি ও ক্যাপিটাল রিজিয়নের I-90 এর ঠিক উত্তরে ছয় ইঞ্চি পর্যন্ত তুষারপাতের আশঙ্কা করা যাচ্ছে

স্টেটের অধিকাংশে স্লিট ও হিমশীতল বৃষ্টির ফলাফল হিসেবে ইঞ্চির এক চতুর্থাংশ পর্যন্ত বরফ জমার আশঙ্কা রয়েছে, অর্ধেক ইঞ্চি বরফ জমার ফলে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ও ফিঙ্গার লেকস অঞ্চলে স্থানীয় বিদ্যুৎ বিভ্রাট দেখা দিতে পারে

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে আবহাওয়া পরিস্থিতি পর্যবেক্ষণ, বুধবার সন্ধ্যায় ও বৃহস্পতিবারে যাতায়াতের জন্য প্রয়োজনীয় সতর্কতা গ্রহণের তাগিদ দিলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে সতর্কতার তাগিদ দিলেন যেহেতু পূর্বাভাস অনুযায়ী একটি শীতকালীন ঝড় বুধবার বিকেল থেকে আপস্টেট অঞ্চলগুলিকে আক্রান্ত করতে পারে, বিশেষ করে নর্থ কান্ট্রিতে এবং ক্যাপিটাল রিজিয়ন, সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, মোহক ভ্যালি এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের কিছু অংশে, যেখানে তুষার ও স্লিট ধীরে ধীরে নিউ ইয়র্ক/পেনসিলভ্যানিয়া সীমানা থেকেই উত্তরপূর্বে যাত্রা করবে এবং বুধবার রাখতে নর্থ কান্ট্রির কিছু অংশে পৌঁছে যাবে বলে আশঙ্কা করা যাচ্ছে। নর্থ কান্ট্রির কিছু এলাকায় এক ফুট পর্যন্ত তুষার দেখা যেতে পারে, এবং ওগডেন্সবার্গের কাছে 18 ইঞ্চি পর্যন্ত তুষার সম্ভব, এবং বহু অঞ্চলে এক ইঞ্চির এক চতুর্থাংশ বরফ জমতে পারে, এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ও ফিঙ্গার লেকসে অর্ধেক ইঞ্চির সম্ভাবনা রয়েছে, যার ফলে উপরে পড়া গাছ ও বিদ্যুতের খুঁটির কারণে স্থানীয়ভাবে বিদ্যুৎ বিভ্রাট হতে পারে। এইসব অঞ্চলের যাতায়াত পরিস্থিতি বুধবার বিকালে খারাপ হওয়া শুরু করবে এবং বৃহস্পতিবার পুরো দিন চলবে বলে আশঙ্কা করা যাচ্ছে। সম্ভবত বুধবার রাত থেকে বৃহস্পতিবার সকাল পর্যন্ত আবহাওয়ার অবস্থা সবথেকে খারাপ থাকবে। ভেজা ও ভারী তুষারপাতের সাথে স্লিট ও বরফ মিশ্রিত হয়ে যাতায়াতকে প্রভাবিত করবে এবং স্থানীয় বিদ্যুৎ বিভ্রাটের সৃষ্টি করতে পারে। স্থানীয় আবহাওয়ার পূর্বাভাস পর্যবেক্ষণ করার জন্য, বুধবার ও বা বৃহস্পতিবার যাতায়াতের সময় সতর্কতা অবলম্বন করার জন্য এবং আবহাওয়ার পরিস্থিতি পরিবর্তনের জন্য প্রস্তুত থাকার জন্য গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদের তাগিদ দিয়েছেন।

"আপস্টেট নিউ ইয়র্কের অধিকাংশ আরেকটি শীতকালীন ঝড়ের প্রস্তুতি নিচ্ছে যা নর্থ কান্ট্রিতে এক ফুট বা তার বেশি তুষার, বরফ ও স্লিটের একটি শীতকালীন মিশ্রণ আনতে পারে যা বুধবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত যাতায়াত বিঘ্নিত করবে," **গভর্নর হোকল বলেন।** "ক্ষতিগ্রস্ত অঞ্চলসমূহের নিউ ইয়র্কবাসীদের উচিত আসন্ন তুষার ও বরফের জন্য এখনই প্রস্তুতি গ্রহণ করা যেহেতু বিদ্যুৎ বিভ্রাট ও বিপজ্জনক যাতায়াত অবস্থা এই সপ্তাহে উদ্বেগের কারণ হবে।"

স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের (Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "এই সপ্তাহে নর্থ কান্ট্রিতে এক ফুট তুষার নিয়ে এবং সিরাকিউজ ও অ্যালবানির মধ্যে থ্রুওয়ের ঠিক উত্তরের কিছু এলাকায় অর্ধেক ফুট তুষার নিয়ে শীতকাল ফেরত আসছে। বুধবার ও বৃহস্পতিবারের তুষারপাত ও বরফ জমে যাওয়ার ফলে যাতায়াত পরিস্থিতি বিপজ্জনক হয়ে উঠবে এবং বিদ্যুৎ বিভ্রাটের সম্ভাবনা রয়েছে। এইসব এলাকার নিউ ইয়র্কবাসীদের উচিত তাদের স্থানীয় পূর্বাভাসে মনোযোগ প্রদান করা এবং যাতায়াতের সময় সকল প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করা।"

নর্থ কান্ট্রি, মোহক ভ্যালি, সেন্ট্রাল নিউ ইয়র্ক, সাউদার্ন টিয়ার, ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস এবং ক্যাপিটাল রিজিয়নে একাধিক শীতকালীন ঝড় নজরদারি (Winter Storm Watches) ও আবহাওয়া সতর্কতা (Weather Advisories) জারি আছে এবং বৃহস্পতিবার রাত পর্যন্ত থাকবে। বৃহস্পতিবার পর্যন্ত, নজরদারি এলাকার কিছু অবস্থানে, বিশেষ করে টাগ হিল এলাকায় এবং দক্ষিণ অ্যাডিরন্ড্যাকে এক ফুট পর্যন্ত তুষার দেখা দিতে পারে, এবং কিছু অবস্থানে এক ইঞ্চির এক চতুর্থাংশ থেকে অর্ধেক ইঞ্চি পর্যন্ত বরফ জমতে পারে। যেহেতু আবহাওয়ার এই সিস্টেমটি স্টেটের পশ্চিম থেকে পূর্ব দিকে যাবে, তাই কিছু স্থানে তুষার স্লিট ও হিমশীতল বৃষ্টিতে পরিণত হওয়ার আশঙ্কা রয়েছে, এবং ভ্যালি অবস্থানগুলিতে বেশি তুষার ও হিমশীতল বৃষ্টি দেখা যাবে ও উচ্চতর ভূমিতে শুধু বৃষ্টি হবে।

এছাড়াও বৃহস্পতিবার ঘণ্টায় 40 মাইল বেগের জোরালো বাতাসের আশঙ্কা রয়েছে, যা যাতায়াত ও বিদ্যুৎকে, বিশেষ করে বরফ জমবে যেসব এলাকায়, সেখানে আরো বিঘ্নিত করতে পারে। নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ডে, বর্ষণ শুরু হবে (বা দ্রুত পরিবর্তিত হবে) বৃষ্টিপাত দ্বারা এবং হালকা তুষার বা বরফ জমার আশঙ্কা রয়েছে। আপনার এলাকায় আবহাওয়া সতর্কতার সম্পূর্ণ তালিকার জন্য, আপনার এলাকার জাতীয় আবহাওয়া সেবার (National Weather Service) ওয়েবসাইট ভিজিট করুন।

জনসেবা বিভাগ (Department of Public Service, DPS) অনুযায়ী, নিউ ইয়র্কের ইউটিলিটিগুলি এই সপ্তাহের শীতকালীন আবহাওয়া ঘটনায় ক্ষতি যাচাই, তার সুরক্ষা, সাড়াদান, মেরামত ও পুনঃস্থাপন প্রচেষ্টার জন্য স্টেটব্যাপী আনুমানিক 6,900 কর্মী উপলভ্য রেখেছে। এর মধ্যে রয়েছে জাতীয় গ্রিডের নিশ্চিত করা অতিরিক্ত 1,100 বাহ্যিক লাইন এবং গাছের FTE এবং নিউ ইয়র্ক স্টেট ইলেকট্রিক ও গ্যাস (New York State Electric & Gas, NYSEG)/রচেস্টার গ্যাস ও ইলেকট্রিক কর্পোরেশনের (Rochester Gas and Electric Corporation, RG&E) এর নিশ্চিত করা অতিরিক্ত 300 লাইন এবং গাছের FTE।

নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ

চলাচল:
নিরাপদে গাড়ি চালানোর জন্য কিছু গুরুত্বপূর্ণ পরামর্শের মধ্যে রয়েছে:

- প্রয়োজন না হলে গাড়ি চালাবেন না।
- সেতুগুলোতে সতর্কতা অবলম্বন করুন কারণ সেখানে সড়কের তুলনায় অধিক দ্রুত বরফ জমে যায়।
- যদি আপনাকে ভ্রমণ করতেই হয়, আপনার গাড়িতে জীবন-রক্ষাকারী সরঞ্জাম যেমন কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও বাড়তি ব্যাটারি, বাড়তি গরম পোশাক, টায়ার চেইনের সেট, ব্যাটারির বুস্টার ক্যাবল, দ্রুত শক্তিদায়ক খাবার এবং বিপদ সংকেত দেয়ার জন্য ব্যবহারের উদ্দেশ্যে উজ্জ্বল রঙের কাপড়ের টুকরা রয়েছে তা নিশ্চিত করুন।
- যদি আপনার ব্যবহারের জন্য অন্যান্য যোগাযোগের ডিভাইস যেমন সেল ফোন অথবা টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারিতে চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণের সময় সেটি আপনার সঙ্গে রাখুন। যদি আপনি হারিয়ে যান, সাহায্যের জন্য কল করে উদ্ধারকারীদেরকে আপনার লোকেশন জানাতে পারবেন।
- শীতকালীন সময়ে মৃত্যু ও আঘাতপ্রাপ্তির শীর্ষ কারণ হলো পরিবহনজনিত দুর্ঘটনা। গাড়িতে চলাচল করার আগে আপনার যানবাহন বরফ ও তুষার থেকে মুক্ত আছে তা নিশ্চিত করে নিন; ভালোভাবে দৃষ্টিগোচর হওয়াটা ভালোভাবে গাড়ি চালানোর মূল চাবিকাঠি। আপনার থামার স্থানগুলো সম্পর্কে পরিকল্পনা করে রাখুন এবং গাড়িগুলোর মধ্যে আরো বেশি দূরত্ব রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে তুষারকণা ছোট শিশুদেরকে আড়াল করে দিতে পারে। সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন।
- সকল সড়কে চলাচলকারী গাড়ি চালকদের জন্য এটি জেনে রাখা গুরুত্বপূর্ণ যে স্নো-প্লাউগুলো ঘণ্টায় 35 মাইল গতিবেগে চলাচল করে, যা বহু ক্ষেত্রেই পোস্ট করা গতিসীমার চেয়ে কম হয়ে থাকে, যাতে ছিটিয়ে দেয়া লবণগুলো ড্রাইভিং লেনের মধ্যেই থাকে এবং সড়কপথের বাইরে ছিটকে না পড়ে। প্রায় ক্ষেত্রেই ইন্টারস্টেট হাইওয়েগুলোতে স্নো-প্লাউগুলো পাশাপাশি অবস্থান করে কাজ করে থাকে, কারণ এতে একাধিক লেন সর্বাধিক কার্যকর ও নিরাপদ উপায়ে পরিষ্কার করা যায়।
- গাড়ি চালক ও পথচারীদেরকেও খেয়াল রাখতে হবে যে স্নো-প্লাউ চালকদের দৃষ্টিগোচরতা সীমিত থাকে, এবং স্নো-প্লাউ এর আকার ও ওজন সেটিকে দ্রুত সরানো ও বন্ধ করা কঠিন করে তুলতে পারে। তুষার-অপসারণ-যন্ত্রের পেছন থেকে বরফ ওড়ানো এর চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়ি চালকদের জন্য গাড়ি চালানোর জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হলো স্নো-প্লাউ এর বেশ পিছনে যেখানে সড়কপথ পরিষ্কার রয়েছে ও লবণ ছিটানো হয়েছে। কখনো কোনো স্নোপ্লাউ চালু অবস্থায় এটির সামনে দিয়ে অতিক্রম করার চেষ্টা করবেন না।

বিদ্যুৎ বিভ্রাট

- এলাকাভিত্তিক মেরামতের সময়সূচি জানতে আপনার ইউটিলিটির কাছে ফোন করুন।

- পরিষেবা ফিরে আসার সময় সার্কিট ওভারলোড হওয়া রোধ করতে লাইট ও অ্যাপ্লায়েন্সগুলো বন্ধ রাখুন বা প্লাগ খুলে রাখুন; কখন বিদ্যুৎ ফিরে আসছে তা জানার জন্য একটি বাতি চালু রাখুন।
- যদি শীতকালীন ঝড়ের সময়ে হিটিং চলে যায়, তাহলে আপনার যেসব কক্ষ প্রয়োজন নেই সেগুলো বন্ধ করে দেওয়ার মাধ্যমে উষ্ণতা ধরে রাখুন।

বিদ্যুৎ বিভ্রাট রিপোর্ট করতে, ফোন করুন:

- সেন্ট্রাল হাডসন: 800-527-2714
- কন এডিসন: 800-752-6633
- ন্যাশনাল গ্রিড: 800-867-5222
- NYSEG: 800-572-1131
- O&R: 877-434-4100
- PSEG-LI: 800-490-0075
- RG&E: 800-743-1701

হিটিং সংক্রান্ত সতর্কতা

- বিকল্প তাপের জন্য শুধু নিরাপদ উৎস যেমন ফায়ারপ্লেস, ছোট আকারের ভালো ভেন্টযুক্ত কাঠের বা কয়লার চুলা বা পোর্টেবল স্পেস হিটার ব্যবহার করুন।
- সবসময় প্রস্তুতকারকের নির্দেশনা মেনে চলুন।
- বিকল্প তাপের উৎস যেমন ফায়ারপ্লেস, উডস্টোভ, ইত্যাদি ব্যবহার করার সময় সবসময় যথাযথ ভেন্টিলেশন রয়েছে তা নিশ্চিত করুন।
- পর্দা, তোয়ালে এবং পটহোল্ডারগুলোকে উত্তপ্ত পৃষ্ঠতল থেকে দূরে রাখুন।
- একটি অগ্নি নির্বাপক যন্ত্র এবং স্মোক ডিটেক্টর রাখুন এবং সেগুলো কাজ করছে তা নিশ্চিত করুন।
- যদি আপনি আপনার হিটিং-এর নিয়মিত জ্বালানির সম্পূরক হিসেবে, অথবা জরুরি পরিস্থিতিতে তাপের উৎস হিসেবে কেরোসিন হিটার ব্যবহার করেন, তাহলে নিম্নলিখিত নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ অনুসরণ করুন:
    - উৎপাদকের নির্দেশনা অনুসরণ কর।
        - আপনার ইউনিটের জন্য শুধু সঠিক জ্বালানি ব্যবহার করুন।
            - শুধু ঘরের বাইরে এবং শুধুমাত্র যখন ইউনিটটি ঠাণ্ডা থাকে তখন পুনরায় জ্বালানি ভর্তি করুন।
                - হিটারকে আসবাবপত্র এবং অন্যান্য দাহ্য বস্তু থেকে কমপক্ষে তিন ফুট দূরে রাখুন।
                    - হিটার ব্যবহার করার সময়, আগুন থেকে সুরক্ষার পদক্ষেপসমূহ এবং ভেন্টিলেশন যথাযথভাবে ব্যবহার করুন।

নিরাপত্তা সংক্রান্ত আরো পরামর্শের জন্য ভিজিট করুন dhses.ny.gov/safety।

নিউ ইয়র্ক স্টেটে ঝড়ের আগে, ঝড় চলাকালীন সময়ে অথবা ঝড়ের পরে অ-জরুরি পরিষেবার প্রয়োজনগুলো পূরণ করতে 211 নম্বরে ফোন করুন অথবা ভিজিট করুন 211nys.org ঠিকানায়।

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস দুর্যোগ এবং অন্যান্য জরুরি পরিস্থিতি প্রতিরোধ, সুরক্ষা, প্রস্তুতি, প্রতিক্রিয়া, পুনরুদ্ধার এবং প্রশমিত করার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে। আরো তথ্যের জন্য DHSES-কে ফেসবুক, টুইটার-এ খুঁজুন বা ভিজিট করুন dhses.ny.gov।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন